গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

**স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অবহিতকরণ সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল<br>উপপরিচালক |
| সভার তারিখ | **২৮ নভেম্বর, ২০২৪ খ্রি.** |
| সভার সময় | **সকাল ১২.৩০ ঘটিকা** |
| স্থান | মৎস্যবীজ উৎপাদন খামার, নাটোর সদর, নাটোর এর সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” তে সংযুক্ত |

সভাপতি উপস্থিত (পরিশিষ্ট “ক”) সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**১. সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নঃ** সেবা প্রদান প্রতিশ্রুতি যথার্থ বাস্তবায়ন করে মৎস্য অধিদপ্তরের মিশন, ভিশন, সেবা প্রদানে স্বচ্ছতা, জবাব দিহিতা ও গতিশীলতা বৃদ্ধিকরণ বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন নির্দেশিকার আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ, দৃশ্যমান স্থানে প্রদর্শন ও প্রতিশ্রুত সেবা প্রদানের কাজ যথাসময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে এবং অগ্রগতির প্রতিবেদন ঊর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** জেলা মৎস্য কর্মকর্তা / সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

**২. সেবা প্রদান সংক্রান্ত সেবা বক্স হালনাগাদকরণঃ** ওয়েব পোর্টাল থেকে নির্ধারিত সেবা বক্সে প্রবেশ, নাগরিক সেবা এবং প্রতিষ্ঠানিক সেবার বিবরণ, কোন সেবার জন্য কার বরাবর যোগাযোগ করবেন, ওয়েব পোর্টাল থেকে কিভাবে সেবা নিতে পারবেন এতৎসংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ অন্যান্য সেবা প্রদানের সুস্পষ্ট তথ্যসহ সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েব পোর্টালের নির্ধারিত সেবা বক্সে নির্ধারিত সময়ের মধ্যে আপলোড করতে হবে এবং প্রতি ত্রৈমাসে হালনাগাদ নিশ্চিতকরণ প্রতিবেদন ও হালনাগাদকৃত ওয়েব লিংক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** জেলা মৎস্য কর্মকর্তা / সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

**৩. সেবা প্রদান প্রতিশ্রুতি উপস্থাপনঃ** সকল অফিসের অফিস আঙ্গিনার দৃশ্যমান স্থানে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রদর্শন করার বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** নিজ এবং আওতাধীন দপ্তরসমূহের সিটিজেন চার্টার স্ব স্ব অফিসের অফিস আঙ্গিনায় প্রদর্শন করার ব্যবস্থা করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অফিস আঙ্গিনায় প্রদর্শনকৃত সিটিজেন চার্টারের ছবি প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** জেলা মৎস্য কর্মকর্তা / সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

**৪. সেবার আবেদনসমূহ সহজিকরণঃ** মৎস্য অধিদপ্তরের সকল সেবা– প্রশিক্ষণ, নিবন্ধন, খামার নিবন্ধন, হ্যাচারি নিবন্ধন, মৎস্য খাদ্য উৎপাদন ও বিক্রয় সংক্রান্ত সকল আবেদন ও চালান ফর্ম ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। ওয়েব পোর্টাল থেকে সেবাগ্রহীতা কিভাবে  এ সকল সেবা নিতে পারবেন সে বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** হয়রানী এবং ভোগান্তিমুক্ত সেবা প্রদানের লক্ষ্যে সেবা সংশ্লিষ্ট আবেদন, চালান ও অন্যান্য ফর্ম বা ডকুমেন্ট লিংকড করে আপলোড করতে হবে যাতে করে সেবাগ্রহীতাগণ সহজে এবং যথাসময়ের মধ্যে সেবা পেতে পারেন।

**বাস্তবায়নকারীঃ** জেলা মৎস্য কর্মকর্তা / সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

**৫. সেবা প্রদান পদ্ধতিঃ** কি কি সেবা কিভাবে পাবেন আরো কি কি সেবা সিটিজেন চার্টারে সংযোজন বা সহজীকরণ করা যায় সে সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** সকল প্রকার জটিলতা এড়িয়ে, সহজে যথাসময়ের মধ্যে যথাযথ সেবা নিশ্চিত করার লক্ষ্যে সিটিজেন চার্টার সহজবোধ্য করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** জেলা মৎস্য কর্মকর্তা / সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

**৬. সেবার সুনির্দিষ্ট মান নির্ধারণঃ** সেবার মান কতটা মান সম্পন্ন এবং সেবা গ্রহীতা কতটা সুফল পেয়েছেন, সেবা প্রদানকারীদের ব্যবহার কেমন এবং সেবার মান আরো উন্নত করতে কি কি করণীয় সেসব বিষয়ে স্টেকহোল্ডারগণের ফিডব্যাক ও মতামত নিয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** নিজ এবং আওতাধীন দপ্তরসমূহ স্ব স্ব সেবা প্রদান রেজিস্টারে সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে এবং প্রমানক হিসেবে সেবা প্রদান রেজিস্টারের সত্যায়িত ফটোকপি উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ এবং স্ব স্ব ওয়েব পোর্টাল আপলোড করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** জেলা মৎস্য কর্মকর্তা / সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

**৭.তথ্য অধিকার আইন ২০০৯:** তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে নির্ধারিত ফর্মে তথ্য চাওয়া এবং প্রদান করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে অভিযোগ দায়ের করার বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** কোন তথ্য সেবাগ্রহীতাকে প্রদান এবং সেবা গ্রহীতা কর্তৃক চাওয়ার ক্ষেত্রে যথাসম্ভব তথ্য অধিকার আইন ২০০৯ এর নির্ধারিত ফর্মে চাওয়ার জন্য সেবা গ্রহীতাগণকে উৎসাহিত করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** জেলা মৎস্য কর্মকর্তা / সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

**৮. অভিযোগ দায়েরঃ** সরকারের যেকোন কর্মচারীর বিরুদ্ধে জিআরএস সিস্টেমে অভিযোগ দায়ের, সংক্ষুব্দ হলে আপীল আবেদন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** নিজ এবং আওতাধীন দপ্তরসমূহ স্ব স্ব ওয়েব পোর্টালে জিআরএস সিস্টেম সংক্রান্ত সকল লিংক কার্যকর রাখতে হবে এবং সকল অভিযোগ যথাযথ নিয়মের মধ্যে নিষ্পত্তি করে প্রমানক উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রেরণ এবং স্ব স্ব ওয়েব পোর্টাল আপলোড করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** জেলা মৎস্য কর্মকর্তা / সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা।

সভার এজেন্ডা অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attendance on citizen charter related sensetization meeting

০২-১২-২০২৪
মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল
উপপরিচালক
০৭২১-৭৬০১৮৪
ddrajshahi@fisheries.gov.bd

**নম্বর:** ৩৩.০২.৬৯০০.৪০০.৭১.০০১.১৬.৫২৯

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক(ফিল্ড সার্ভিস), ফিল্ড সার্ভিসের দপ্তর, মৎস্য অধিদপ্তর।
২। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর।
৩। খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর।
৪। জনাব, ................................................ মৎস্যচাষি/ মৎস্যজীবী/ মৎস্য উপকরণ উৎপাদনকারী/ বিক্রেতা/ আমদানীকারক/রপ্তানীকারক/ প্রাভেট হ্যাচারী মালিক।

১১-১২-২০২৪
ড. মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা